

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৩১, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

পরিবেশ অধিদপ্তর-২

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ অক্টোবর ২০১৩ খ্রিস্টাব্দ

নং ২২.০০.০০০০.০৭৩.০৫.০০৩.২০১২-২৭১—জীবনিরাপত্তা সংক্রান্ত ন্যাশনাল কমিটি অন বায়োসেফটি (এনসিবি)-এর ৫ম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক আবেদনকৃত বিটি বেগুন-১, ২, ৩ ও ৪ জাতসমূহ মাঠ পর্যায়ে সীমিত চাষাবাদের জন্য অবমুক্ত করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনুমোদন প্রদান করা হলো :

- (১) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং কৃষি মন্ত্রণালয়ের প্রস্তাবনা এবং সুপারিশ মোতাবেক বারি বিটি বেগুন-১, ২, ৩ ও ৪ জাতসমূহ একটি সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনার আওতায় মাঠ পর্যায়ে সীমিত আকারে চাষাবাদের লক্ষ্যে অবমুক্ত করা যাবে;
- (২) মাঠ পর্যায়ে অবমুক্তির পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং প্রতিষ্ঠানকে Field production planning, Field biosafety management planning, Emergency Response planning, Safety measures যেমন : Isolation distance management planning, border row management planning, Techniques for protection of local and indigenous variety and wild plants প্রণয়নপূর্বক তা এনসিবি এবং বিসিসিকে অবহিত করতে হবে;

(৯৩৬৯)

মূল্য : টাকা ৪.০০

- (৩) যে সকল স্থানে সীমিত চাষাবাদ করা হবে তার বায়োসেফটি মেজার্স (biosafety measures) মনিটরিং এর লক্ষ্যে সংশ্লিষ্ট অধিক্ষেত্রের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের স্থানীয় কর্মকর্তা, বিএআরআই গবেষণাকেন্দ্রের সংশ্লিষ্ট বৈজ্ঞানিক কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের জেলা বা বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা এবং উপজেলা প্রশাসনের কর্মকর্তা সমন্বয়ে ফিল্ড লেভেল বায়োসেফটি কমিটি গঠনের প্রস্তাবনা বিএআরআই কর্তৃক এনসিবি বরাবরে প্রেরণ করতে হবে;
- (৪) সীমিত চাষাবাদের জন্য নির্ধারিত এলাকার কৃষকগণকে বিটি বেগুনের পরিবেশসম্মত চাষাবাদ এবং বায়োসেফটি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে। বায়োসেফটি এবং বিটি বেগুনের চাষাবাদ বিষয়ক নিয়মকানুন সম্বলিত একটি নির্দেশিকা সংশ্লিষ্ট কৃষকগণকে সরবরাহ করতে হবে;
- (৫) বিটি বেগুন চাষাবাদের কারণে পরিবেশ এবং জনস্বাস্থ্যের উপর কোন ঝুঁকি তৈরী হলে আবেদনকারী প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণসহ জরুরী পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে, যাতে করে এ ধরনের হুমকির বিস্তার প্রতিরোধ করা সহ এর বিরূপ প্রভাব উপশম করা যায়। মাঠ পর্যায়ে অবযুক্তির কারণে উদ্ভূত পরিবেশগত যে কোনো বিরূপ প্রভাব বা পরিস্থিতির ক্ষেত্রে আবেদনকারী সংস্থা/ প্রতিষ্ঠানকে বায়োসেফটি রুলস এর আওতায় দায়-দায়িত্ব বহন করতে হবে;
- (৬) বায়োসেফটি রুলস এর আওতায় বিটি বেগুন যাতে লেবেলিং বজায় রেখে বাজারজাত করা হয়, সে লক্ষ্যে আবেদনকারী প্রতিষ্ঠানকে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (৭) কার্টাগেনা প্রোটোকল অনু বায়োসেফটি টু সিবিডি অনুযায়ী পরিবেশে অবযুক্ত করার স্থানে গৃহীত বায়োসেফটি মেজার্স (biosafety measures)-এর বিস্তারিত বিবরণ সম্বলিত মাসিক প্রতিবেদন বায়োসেফটি ক্লিয়ারিং হাউজ-এ প্রকাশনার লক্ষ্যে এনসিবি এবং বিসিসি বরাবরে দাখিল করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মনিরুল হদা
উপ-সচিব।

Release of Bt Brinjal varieties 1,2,3&4 at field level

The National committee on Biosafety (NCB) of the Ministry of Environment & Forest officially released Bt Brinjal on 30 October,2013. Scientists at the Bangladesh Agricultural Research Institute (BARI) under the Ministry of Agriculture developed Bt Brinjal to give resistance against fruit and shoot borer in order to save crop loss in Brinjal. Four varieties of Bt Brinjal- Bt Brinjal 1, Bt Brinjal 2, Bt Brinjal 3 and Bt Brinjal 4 have been released on limited scale under a specific workplan following biosafety guidelines.